

সাত বিষয়ে জেএসসি পরীক্ষা নেয়ার সুপারিশ

যুগান্তর রিপোর্ট

দশটির পরিবর্তে এবার থেকে অষ্টম শ্রেণীর জেএসসি পরীক্ষা সাত বিষয়ে নেয়া হবে। বাংলা এবং ইংরেজি দ্বিতীয়পত্রের পরীক্ষা আলাদা নেয়া হবে না। উভয়পত্র সংশ্লিষ্ট বিষয়ের প্রথমপত্রে একীভূত হয়ে থাকবে। কৃষি এবং গার্হস্থ্য বিজ্ঞান ও ছেয় বিষয়গুলোর পরীক্ষা ধারাবাহিক মূল্যায়নে চলে যাবে। এই বিষয়গুলোর পরীক্ষা স্থলপর্যায়েই নিয়ে নম্বর বোর্ডে পাঠানো হবে। আন্তর্জাতিক বোর্ড সমন্বয় কমিটি এ সুপারিশ পাঠিয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ে বিষয়টি নিশ্চিত করেছেন সমন্বয় কমিটির আহ্বায়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মুহা. জিয়াউল হক। তিনি যুগান্তরকে বলেন, আমরা এমন একটি প্রস্তাব পাঠিয়েছি। মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেলে আসন্ন জেএসসি পরীক্ষা সাত বিষয়ে নেয়া হবে। শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র জানিয়েছে,

পাবলিক পরীক্ষায় বিশেষ করে অষ্টম শ্রেণীর পরীক্ষায় চাপ কমানোর ব্যাপারে শিক্ষামন্ত্রী বিভিন্ন সভা-সমাবেশে ঘোষণা দিয়ে আসছিলেন। প্রধানমন্ত্রীর পক্ষ থেকে এ ব্যাপারে তাগিদ ছিল। এ কারণে মন্ত্রণালয়ের পরামর্শে শিক্ষা বোর্ডগুলোকে এ ব্যাপারে সুপারিশ পাঠাতে বলা হয়েছিল। বর্তমানে দশটি বিষয়ে জেএসসি পরীক্ষা নেয়া হয়। এগুলো হল— বাংলা প্রথম ও দ্বিতীয়পত্র, ইংরেজি প্রথম ও দ্বিতীয়পত্র, গণিত, বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ধর্ম ও নৈতিকতা, বিজ্ঞান, আইসিটি এবং কৃষিক্ষেত্র বা গার্হস্থ্য বিজ্ঞান। সাত্বে ৮শ' নম্বরের মধ্যে এসব বিষয়ের পরীক্ষা হয়। পরিবর্তিত সিদ্ধান্ত অনুযায়ী সাত্বে ৬শ' নম্বরের মধ্যে হবে পরীক্ষা। কৃষি বা গার্হস্থ্য বিজ্ঞানের ১০০ নম্বর পরীক্ষা থাকবে না। ইংরেজি ও বাংলা বিষয়ে দুই পত্রে ৩০০ নম্বরের পরিবর্তে ২০০ নম্বর নেয়া হবে পরীক্ষা।

ব্যানবেইস পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
চাফ. পরিসংখ্যান বিভাগ	
চীফ. ডি.এল.পি বিভাগ	
সিস্টেম ম্যানেজার	
সিনিয়র সিস্টেম এনালিস্ট	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
স্বাক্ষর/ছাপ	
	স্বাক্ষর